ঝিনাইদহে করোনা প্রতিরোধে সেনাবাহিনীর টহল অব্যাহত

ঝিনাইদহে করোনার সংক্রমন প্রতিরোধে পথচারিসহ সকল মানুষকে মাস্ক পরা ও সরকারি বিধি মেনে চলতে সেনাবাহিনীর টহল অব্যাহত রয়েছে।

শনিবার দিনব্যাপী শহরের পায়রা চত্বর, মুজিব চত্বর, আরাপপুর, হামদহ, বাসটার্মিনাল এলাকাসহ বিভিন্ন স্থানে তারা এ কার্যক্রম পরিচালনা করে।

এসময় রিক্সা চালক, মোটর সাইকেল আরোহী, পথচারীদের মাস্ক পরা নিশ্চিত করতে অনুরোধ করেন। এর আগে সেনাদল শহরের বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান পরিদর্শন করেন ও স্বাস্থ্য বিধি মেনে চলার আহবান জানান।

কোটচাঁদপুরে বিদ্যুৎস্পৃষ্টে নারীর মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে বিদ্যুৎস্পৃষ্টে শাহানাজ বেগম (৪৫) নামে এক স্বামী পরিত্যক্তা নারীর মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার বিকাল ৩ টার দিকে উপজেলার জগোদেশপুর গ্রামে এ দুর্ঘটনা ঘটে। নিহত শাহানাজ একই গ্রামের মৃত মুরাদ আলীর মেয়ে।

স্থানীয় সূত্রে জানাযায়, উপজেলার এলাঙ্গী ইউনিয়নের জগোদেশপুর গ্রামের মৃত মুরাদ আলীর মেয়ে স্বামী পরিত্যক্তা শাহানাজ বেগম বাবার বাড়িতে বসবাস করতেন।

বৃহস্পতিবার বিকালে ঘরের সামনে একটি আমড়া গাছ থেকে আমড়া পাড়ছিলেন। এ সময় তিনি ঘরের টিনের উপরে পড়ে যান। এবং টিনের সাথে বিদ্যুতের তারে বিদ্যুৎস্পৃষ্ট হয়। এতে ঘটনাস্থলেই ওই নারীর মৃত্যু হয়।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, খবর পেয়ে আমি ঘটনাস্থল পরিদর্শন করেছি।

ঝিনাইদহে নারীর লাশ উদ্ধার

ঝিনাইদহে বাগান থেকে রেক্সছোনা খাতুন (৩৫) নামে এক নারীর লাশ উদ্ধার করেছে পুলিশ। সে সদর উপজেলার গান্না ইউনিয়নের পুড়াবেতা শান্তি পাড়া গ্রামের নুর ইসলামের মেয়ে।

পরিবার সূত্রে জানা গেছে, গেল মঙ্গলবার সন্ধ্যা ৭টার দিকে রেক্সছোন বাড়ি থেকে বের হয়ে ফিরে আসেনি।

আজ বুধবার দুপুর ১টার দিকে বাড়ির পাশে একটি মেহগনি বাগানে গলাই ওড়না পেঁচানো অবস্থায় তার লাশ পড়ে থাকতে দেখে গ্রামবাসী। পুলিশ খবর পেয়ে লাশ উদ্ধার করে মর্গে পাঠায়।

ইউপি সদস্য রহমান হোসেন জানান, এরআগে মেয়েটির ৫ জায়গায় বিয়ে হয়ে ছাড়াছাড়িও হয়ে গেছে। মেয়েটির ৫ বছর বয়সি এক ছেলে সন্তান ছিল। সেই ছেলেটিও ৭ বছর আগে মারা যায়। বর্তমানে মেয়েটি রাস্তায় মাটিকাটা শ্রমিকের কাজ করে এবং পিতা-মাতার সাথে বসবাস করে আসছিল।

এ ব্যাপারে সদর থানার ওসি মিজানুর রহমান জানান, এটি হত্যা না আত্মহত্যা ময়নাতদন্ত ছাড়া সঠিক করে কিছু বলা যাচ্ছে না।

ঝিনাইদহে ভিজিএফ’র চাল বিতরণ

সোমবার সকাল থেকে সদর উপজেলার ফুরসন্ধি ও গান্না ইউনিয়ন পরিষদের বিভিন্ন ওয়ার্ডের সদস্যগণ তাদের নিজস্ব এলাকার সকল দু:স্থ্য ও অতি দরিদ্র গরীব খেটে খাওয়া জনগণের মাঝে ভিজিএফ এর চাল বিতরণ করেন।

এ বিতরণ কার্য্যক্রমটি অনুষ্ঠিত হয় ইউনিয়ন পরিষদের কার্য্যালয়ে। সাধারণ মানুষ তাদের কাছে পৌছে যাওয়া ভিজিএফ কার্ড প্রাপ্তির মাধ্যমে সোমবার সকাল থেকে নিজস্ব ওয়ার্ডের সদস্যদের চাল বিতরণ ক্যাম্পের সম্মুখে সারিবদ্ধভাবে লাইন ধরে দাড়িয়ে সুশৃঙ্খলার সাথে চাল গ্রহণ করেন।

এসময় গান্না ইউনিয়ন পরিষদে দুই ধাপে ২৫৯০ পরিবারের মাঝে প্রতি পরিবারে ১০ কেজি করে চাল বিতরণের আজ প্রথম দিনে ১২৯৫ পরিবারের মাঝে চাল দেওয়ার লক্ষ নিয়ে উদ্বোধন করা হয়। বাকি ১২৯৫ পরিবারকে ২৮ জুলাই মঙ্গলবার চাল দেওয়া হবে বলে জানিয়েছেন ইউনিয়ন পরিষদের কর্তৃপক্ষ।

সামাজিক দূরত্ব বজায় রেখে সোমবার (২৭ জুলাই) এ বিতরণের কাজ পরিচালনা করা হয়। এসময় উপস্থিত ছিলেন, গান্না ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নাসির উদ্দিন মালিথা, ইউপি সচিব সাইদুর রহ্মান, ইউপি সদস্য মাজেদ শিকদার, আব্দুর রশিদ, সংরক্ষিত আসনের ১,২ ও ৩ নং ওয়ার্ডের মহিলা সদস্য ডলি খাতুন এবং ৪,৫ ও ৬ নং ওয়ার্ডের মহিলা সদস্য নার্গিস খাতুন। এছাড়াও সেখানে পুলিশ সদস্য, গ্রাম পুলিশ, এবং এলাকার গণ্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অপরদিকে ফুরসন্ধি ইউনিয়নে ১০ কেজি করে ১৫৯২ পরিবারের মাঝে ভিজিএফ’র চাল বিতরণ কাজের উদ্বোধন করা হয়েছে।

এসময় ইউনিয়নের চেয়ারম্যান এ্যাড: মালেক হোসেন মিনহা, ট্যাগ অফিসার মীর আল আমীন, প্যানেল চেয়ারম্যান কবির হোসেনসহ সকল ইউপি সদস্য, নারিকেল বাড়িয়া ক্যাম্পের পুলিশ সদস্য, গ্রাম পুলিশ, এবং স্থানীয় অনেকেই উপস্থিত ছিলেন।

এসময় চেয়ারম্যানগণ সকল উপস্থিত জনগেনের প্রতি পবিত্র ঈদুল ফিতরের অগ্রিম শুভেচ্ছা বিনিময় ও সকলের মঙ্গল কামনা করেন।

কালীগঞ্জে চোরাই মোটর সাইকেল উদ্ধার ও চোর গ্রেপ্তার

ঝিনাইদহের কালীগঞ্জ থানা পুলিশ অভিযান চালিয়ে একটি চোরাই পালসার মোটরসাইকেল উদ্ধার ও চোরচক্রের প্রধান হযরত আলী (২৫) কে গ্রেপ্তার করেছে।

গ্রেপ্তার হওয়া হযরত আলী কালীগঞ্জ উপজেলার চাপালী গ্রামের মতিয়ার রহমান বিশ্বাসের ছেলে। গত ২৫ জুলাই কালীগঞ্জ থানার এসআই ও মামলার তদন্তকারী কর্মকর্তা আবুল খায়ের মাগুরা জেলার শালিখা উপজেলার আড়পাড়া-শালিখা রোডস্থ আজাদের কাঠ গোলার সামনে সাইকেলটি বিক্রির সময় চোর হযরত আলীকে হাতে নাতে গ্রেপ্তার করেন। এ সময় সাইকেলটি উদ্ধার করা হয়।

এসআই আবুল খায়ের জানান, গত ২৪ জুলাই কালীগঞ্জ শহরের কাশিপুর কাজীপাড়ার আক্কাস আলীর ছেলে আল আমিনের একটি নতুন পালসার মোটর সাইকেল চুরি হয়। এ ঘটনায় আল আমিন থানায় মামলা করেন। পরে থানার ওসির দিক নির্দেশনা মোতাবেক মামলার তদন্তকারী কর্মকর্তা সোর্সের মাধ্যমে খবর পান সাইকেলটি মাগুরা জেলার শালিখা এলাকায় বিক্রি জন্য নিয়ে যাওয়া হয়েছে।

তিনি তৎক্ষনাত মাগুরা জেলার শালিখা পুলিশের সহযোগিতায় অভিযান চালিয়ে উপরোক্ত স্থান থেকে চোর হযরত আলীকে গ্রেপ্তার ও মোটরসাইকেলটি উদ্ধার করেন।

কালীগঞ্জ থানার ওসি মুহাঃ মাহফুজুর রহমান মিয়া জানান, মোটর সাইকেলটি চুরির পর থানায় মামলা হয়। পুলিশ অভিযান চালিয়ে চোর হযরত আলীকে গ্রেপ্তার করেছে। এছাড়া চুরির ঘটনা স্বীকার করে সে আদালতে ১৬৪ ধারায় জবানবন্দী দিয়েছে।

ঝিনাইদহ কোভিড হাসপাতালে হাই-ফ্লো ন্যাজাল ক্যানোলা প্রদান

ঝিনাইদহে করোনায় আক্রান্ত রোগিদের স্বাস্থ্যসেবা প্রদাণের জন্য ২ টি হাই-ফ্লো ন্যাজাল ক্যানোলা মেশিন প্রদান করেছেন স্থানীয় সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি।

সোমবার সকালে ঝিনাইদহের সিভিল সার্জন ডা: সেলিনা বেগমের হাতে তাহজীব আলম সিদ্দিকী সমি এমপির পক্ষ থেকে মেশিন ২টি হস্তান্তর করেন পৌর আওয়ামী লীগের সভাপতি জীবন কুমার বিশ্বাস।

এসময় উপস্থিত ছিলেন ডা. জাকির হোসেন, ডা. প্রসেনজিৎ বিশ্বাস পার্থ, যুবলীগ নেতা বাসের আলম সিদ্দিকীসহ নেতৃবৃন্দ।

সিভিল সার্জন ডা. সেলিনা বেগম জানান, একটি সদর হাসপাতাল ও অন্যটি কোভিড হাসপাতালে স্থাপন করা হবে। যার মাধ্যমে প্রতি মিনিটে ৭০ লিটার অক্সিজেন সাপ্লাই করা যাবে। করোনায় আক্রান্ত রোগিদের শ্বাসকষ্ট শুরু হলে এই মেশিনের মাধ্যমে অক্সিজেন সাপ্লাই করলে মৃত্যুঝুকি কমবে বলে জানিয়েছেন তিনি।

ঝিনাইদহে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে যুবলীগের বৃক্ষরোপন অভিযান

‘গাছ লাগান, পরিবেশ বাঁচান’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে সদর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বৃক্ষরোপন অভিযান শুরু হয়েছে।

সোমবার সকাল থেকে দুপুর পর্যন্ত সদর উপজেলা যুবলীগের উদ্যোগে সদর হাসপাতাল, সিভিল সার্জন কার্যালয় ও ঝিনাইদহ কলেজ এলাকায় ফলজ, বনজ ও ঔষধি গাছের চারা রোপন ও বিতরণ করা হয়।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা মোতাবেক ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দীকি সমির পক্ষে বৃক্ষরোপন ও বিতরণ করেন সদর উপজেলা যুবলীগের আহবায়ক শাহ্ মোঃ ইব্রাহীম খলিল রাজা।

এসময় উপস্থিত ছিলেন, সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম, ঝিনাইদহ কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি ও পৌর আওয়ামীলীগের সভাপতি জীবন কুমার বিশ্বাস, অধ্যক্ষ বাদশা আলম, প্রভাষক কামাল হোসেন জেলা যুবলীগের আহবায়ক আশফাক মাহমুদ জন, যুগ্ম-আহবায়ক রাজু আহমেদ, যুবলীগ নেতা বাসের আলম সিদ্দিকী, ইকতিয়ার উদ্দিন,আশরাফুল ইসলামসহ অন্যান্য নেতৃবৃন্দ।

ঝিনাইদহে পৌর আওয়ামী লীগের বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন

‘গাছ লাগান, পরিবেশ বাঁচান’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে পৌর আওয়ামী লীগের উদ্যোগে বৃক্ষ রোপন কর্মসূচী পালিত হয়েছে।

রোববার সকালে শহরের ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ মাঠে এ কর্মসূচীর উদ্বোধন করা হয়।

এসময় পৌর আওয়ামী লীগের সভাপতি জীবন কুমার বিশ্বাস, জেলা যুবলীগের আহ্বায়ক আশফাক মাহমুদ জন, সরকারি কেসি কলেজ ছাত্র লীগের সাধারণ সম্পাদক ও জেলা ছাত্রলীগের সহ-সভাপতি আবু সুমন বিশ্বাসসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় প্রতিষ্ঠান প্রাঙ্গণে ২০ টি গাছের চারা রোপন করা হয়। পর্যায়ক্রমে পৌর এলাকাসহ সদর উপজেলার ১৭টি ইউনিয়নে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কয়েক হাজার গাছের চারা রোপন করা হবে বলে

জানান আয়োজকরা।

ঝিনাইদহে বিট পুলিশিং কার্যক্রম শুরু

“মুজিববর্ষের অঙ্গিকার পুলিশ হবে জনতার” এ শ্লোগান নিয়ে ঝিনাইদহে বিট পুলিশ কার্যক্রম শুরু হয়েছে। রোববার সকালে শহরের ব্যপারী পাড়ায় বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করেন পুলিশ সুপার মোঃ হাসানুজ্জামান।

উদ্বোধন শেষে সারাদেশে করোনায় পুলিশ সদস্যসহ যারা মারা গেছে তাদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এসময় পুলিশ বিভাগের কর্মকর্তা, সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধিসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় পুলিশ সুপার মোঃ হাসানুজ্জামান জানান, জেলার ৬টি উপজেলায় মোট ৮৫টি বিট পুলিশিং কার্যালয় খোলা হবে। পুলিশী সেবা মানুষের দোড় গড়াই পৌঁছে দেবার লক্ষ্যে বিট পুলিশিং কার্যক্রম চালু করা হচ্ছে। প্রতিটি বিট পুলিশিং অফিসে একজন এস আই, একজন এএসআই ও তিনজন করে কনস্টেবল খাকবে।

তারা মানুষের কাছ থেকে অভিযোগ গ্রহন করবে। তারপর আইনী ব্যবস্থা নেওয়া হবে। মানুষ দ্রুত পুলিশী সেবা পাবে বলে তিনি আরো জানান।

কোটচাঁদপুরের নতুন ইউএনও

আসাদুজ্জামান

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার নতুন নির্বাহী অফিসার হিসেবে যোগদান করলেন আসাদুজ্জামান রিপন।

গতকাল মঙ্গলবার (২১ জুলাই) বিকালে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সদ্য বিদায়ী নির্বাহী অফিসার নাজনীন সুলতানা নতুন উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের কাছে দায়িত্ব বুঝে দেন।

এসময় নবাগত নির্বাহী অফিসারকে ফুলেল শুভেচ্ছা জানান উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

নতুন উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন ২৮তম বিসিএস ক্যাডারের কর্মকর্তা। কোটচাঁদপুরে নির্বাহী অফিসার হিসেবে যোগদানের আগে তিনি জনপ্রশাসন মন্ত্রানালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারি সচিব) আইসিটি ডিভিশনে কর্মরত ছিলেন।